87

আজকের কাগজ

তারিখ .. 1.0 JAN 1993
পৃষ্ঠা ... ৬ ... কলাম .. ২ ...

125

# গণ্কা প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র ছাত্রীরা গাছ তলায় লেখাপড়া করে

চাঁপাইনবাবগঞ্জ পৌরসভার ১ নং ওয়ার্ডের গণ্কা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শ্রেণী কক্ষ না থাকার ফলে ছাত্র-ছাত্রীদের গাছতলায় বসে ক্লাস করতে হচ্ছে। প্রকাশ নবাবগঞ্জ পৌর এলাকার এই সরকারি প্রথমিক বিদ্যালয়টি ১৯৬৩ সালে প্রতিষ্ঠিত হয়। প্রতিষ্ঠার বছর স্কুলটিতে ছাত্র-ছাত্রীদের জন্যে মোট ৫টি ঘর তৈরির প্রস্তাব করা হলেও মাত্র দু'টি ঘর টিনসেড দিয়ে কোনো মতে তৈরি সম্ভব হয়েছে। বাকি ৩টি ক্লাস রুম অর্ধেক ইট গাঁথা অবস্থায় দীর্ঘ ২২ বছর যাবৎ পড়ে রয়েছে বলে জানা গেছে। গণ্ক সরকারি প্রাথমিক বিদ্যালয়ে গণ্কা, সেহালা কলোনী, বাগান পাড়া, গাবতলা মহল্লার প্রায় ৪শ' ছাত্রছাত্রী লেখাপড়া করে থাকে। মাত্র দু'টি শ্রেণী কক্ষ থাকায় ছাত্র ছাত্রীদের বসার জায়গা হয়না। ফলে বেশির ভাগ ছাত্র-ছাত্রীকে নিয়মিত গাছ তলায় বসে লেখাপড়া করতে হচ্ছে। দীর্ঘ ২২ বছর যাবৎ অনেক লেখালেখি করেও শিক্ষা বিভাগের উর্ধ্বতন কর্তৃপক্ষের গাফেলতির ফলে কোনো প্রকার সাহায্যে স্কুলটি পায়নি। ফলে স্কুলটির কোনো সংস্কার করা সম্ভব পর হয়নি বলে জানা গেছে। চাঁপাইনবাবগঞ্জ থেকে কামাল উদ্দীন।